# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
## বিভিন্ন অপরাধে ৫৭টি প্রতিষ্ঠানকে ২.৪৩ লক্ষ টাকা জরিমানা

**২৪ জুলাই ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা মহানগর, বিভিন্ন জেলা কার্যালয়ের ১৫ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, গোপালগঞ্জ, শেরপুর, রাজবাড়ী, মানিকগঞ্জ, ময়মনসিংহ, টাঙ্গাইল, ফেনী, চাঁদপুর, হবিগঞ্জ, রাজশাহী, পাবনা, দিনাজপুর, সুনামগঞ্জ ও বরগুনায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর বাড্ডা ও গুলশান এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে আফনান মেডিসিন কর্ণারকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে শারমিন ফাস্ট ফুড, ইমাম বাড়ি ক্যাফে গুলশান ও ইউসুফ হোটেলকে যথাক্রমে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জের মুকসুদপুর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৪,৫০০/- (চার হাজার পাঁচশত)** টাকা, শেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আরিফুল ইসলামের নেতৃত্বে শেরপুরের নকলা উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: নাজমুল হাসানের নেতৃত্বে রাজবাড়ী সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, মানিকগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভীর নেতৃত্বে মানিকগঞ্জের সাটুরিয়া উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শাহ আলমের নেতৃত্বে ময়মনসিংহের তারাকান্দা উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৮,০০০/- (আঠার হাজার)** টাকা এবং টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শরিফুর ইসলামে নেতৃত্বে টাঙ্গাইলের মির্জাপুর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকাসহ মোট **৫৭,৫০০/- (সাতান্ন হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, ওজনে কারচুপি, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ফেনী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সোহেল চাকমার নেতৃত্বে ফেনী সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৩,৫০০/- (তের হাজার পাঁচশত)** টাকা, চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আছাদুল ইসলামের নেতৃত্বে চাঁদপুরের শাহরাস্তি উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৯,০০০/- (উনিশ হাজার)** টাকা, হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আল-আমিনের নেতৃত্বে হবিগঞ্জের লাখাই উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা, রাজশাহী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহী পুঠিয়া উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ. এস. এম. মাসুম-উদ-দৌলার নেতৃত্বে পাবনা সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, দিনাজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে দিনাজপুরের বীরগঞ্জ উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **২১,০০০/- (একুশ হাজার)** টাকা, সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সুনামগঞ্জ সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৩১,০০০/- (একত্রিশ হাজার)** টাকা এবং বরগুনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে বরগুনার আমতলী উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১,৬০০/- (এক হাজার ছয়শত)** টাকাসহ মোট **৭৭,১০০/- (সাতাত্তর হাজার একশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, সেবার মূল্যের তালিকা সংরক্ষণ ও প্রদর্শন না করা, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে **৪টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৪ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে **৩টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৩,৭৫০/- (তিন হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

মানিকগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে **মুন্নু ক্যাফে এন্ড রেস্টুরেন্টকে ৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ. এস. এম. মাসুম-উদ-দৌলা কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে রত্নদ্বিপ রিসোর্টকে **৩,০০০/- (তিন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৭৫০/- (সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে চাইনিজ কিং থাই রেস্টুরেন্টকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

আজকের **১৫টি** বাজার তদারকির ও **১০টি** লিখিত অভিযোগ নিস্পত্তির মাধ্যমে **৫৭টি** প্রতিষ্ঠানকে মোট **২,৪৩,৬০০/- (দুই লক্ষ তেতাল্লিশ হাজার ছয়শত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **১০ জন** অভিযোগকারীকে মং **১২,০০০/- (বার হাজার)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, রংপুর, বরিশাল ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, গোপালগঞ্জ, শেরপুর, রাজবাড়ী, মানিকগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, ফেনী, চাঁদপুর, হবিগঞ্জ, রাজশাহী, পাবনা, দিনাজপুর, সুনামগঞ্জ বরগুনা।
৭। পুলিশ সুপার, ঢাকা, গোপালগঞ্জ, শেরপুর, রাজবাড়ী, মানিকগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, ফেনী, চাঁদপুর, হবিগঞ্জ, রাজশাহী, পাবনা, দিনাজপুর, সুনামগঞ্জ বরগুনা।
৮। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।